গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

পবিত্র ঈদ-উল-আযহা ২০১৮ উপলক্ষ্যে ঢাকা-সিলেট মহাসড়কের যানজট নিরসনকল্পে করণীয় বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	১৮-০৮-২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	বেলা ১১:০০ টা
স্থান	:	ভুলতা ফ্লাইওভার নির্মাণ প্রকল্পের সাইড অফিস
উপস্থিতি	:	পরিশিষ্ট- ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা-সিলেট মহাসড়কের যানজট নিরসনকল্পে করণীয় নির্ধারণ বিষয়ে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে আজকের এ সভা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও অন্য একটি জরুরি কাজে ব্যস্ত থাকায় মন্ত্রী মহোদয় সভায় অংশগ্রহণ করতে পারেননি। সভাপতি বলেন, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ভুলতা ফ্লাইওভার প্রকল্পের আশেপাশে এবং ঢাকা-সিলেট মহাসড়কে যানজটসহ অন্যান্য প্রাসংগিক বিষয়ে/সমস্যাদি নিয়ে উন্মুক্ত আলোচনার মাধ্যমে সমস্যা সমাধান করাই এ সভার প্রধান আলোচ্য বিষয়। এ বিষয়ে উপস্থিত সকলকে পরামর্শ/মতামত দেয়ার জন্য তিনি অনুরোধ জানান। তিনি বলেন, গত রমজানের ঈদে ঘরমুখী মানুষের যাতায়াত স্বস্তিদায়ক করার জন্য সিভিল প্রশাসন, পুলিশ প্রশাসন, হাইওয়ে পুলিশ, মালিক-শ্রমিক প্রতিনিধি সংগঠন যে সক্রিয় ভূমিকা পালন করেছে তা নিঃসন্দেহে প্রশংসার যোগ্য। সকলের সহযোগীতায় সমন্বিত প্রচেষ্টায় গত ঈদযাত্রা স্বস্তিদায়ক হয়েছে। এ ঈদেও তিনি সকলের সক্রিয় সহযোগিতা কামনা করেন। সভাপতি আরো বলেন, ঈদ-উল-আযহা উপলক্ষ্যে এ বিভাগ থেকে ইতোমধ্যে সংশ্লিষ্টদের পত্র দেয়া হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে পুলিশের পক্ষ থেকেও ব্যবস্থা নেয়া হচ্ছে। সিভিল প্রশাসনসহ অন্যান্যদের নিকট থেকেও সার্বিক সহযোগিতা প্রয়োজন। গত ঈদ-উল-ফিতর ২০১৮ এর সময় অভিযোগ কম ছিল। বর্তমানে সড়ক উন্নয়ন/মেরামত কাজের জন্য আবহাওয়া অনুকূলে রয়েছে। তাই গত ঈদের চেয়ে এ ঈদেও ঘরমুখো মানুষের যাতায়াত আরো স্বস্তিদায়ক ও নিরাপদ হবে। এবারে ঈদের পূর্ব থেকে ঈদ পরবর্তী এক সপ্তাহ কেন্দ্রিয় কন্ট্রোল রুম চালু থাকবে।

অপর পাতায় দ্রষ্টব্য

২.০ উপস্থিত বাংলাদেশ ট্রাক কাভার্ডভ্যান, ট্যাংকলরী মালিক-শ্রমিক ঐক্য পরিষদের সমন্বয়ক, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে মহাসড়কের যানজট নিরসনকল্পে করণীয় নির্ধারন বিষয়ে এধরনের সভা আহবানের জন্য সচিব মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি বলেন, গত ঈদ-উল-ফিতর, ২০১৮ এর পূর্বে যানজট নিরসনে এধরনের ৫/৬ টি সভা করা হয়েছে। এতে যথেষ্ট সুফল পাওয়া গিয়েছে। যথাসময়ে সময়োপযোগী সিদ্ধান্ত নেয়ার ফলে সাধারণ জনগণ গত ঈদে স্বস্তিদায়কভাবে সড়ক পথে বাড়িতে যাতায়াত করতে পেরেছে। অত:পর, তিনি নিম্নোক্ত সড়ক ও মহাসড়কাংশের অসম্পূর্ণ মেরামত কাজ আসন্ন ঈদ-উল-আযহার পূর্বেই সম্পন্ন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানঃ

(১) মৌলভীবাজার-কুলাউড়া-বিয়ানীবাজার সড়কটির ভাংগা রাস্তা দ্রুত মেরামত;

(২) হবিগঞ্জ-শায়েস্তাগঞ্জ সড়কটির ১০-১৫ কিলোমিটার সড়কের ছোট বড় গর্ত মেরামত;

(৩) শায়েস্তাগঞ্জ মোড় (বাস টার্মিনালে) এবং চুনারুঘাট মোড়ে সড়কের গর্ত ভরাট করা;

(৪) ঢাকার আমিনবাজার ব্রীজ হতে বলিয়ারপুর পর্যন্ত সড়ক মেরামত;

(৫) সাভার বাজার মোড় হতে রেডিও কোলনি মোড় পর্যন্ত সড়ক মেরামত;

(৬) কাশিমপুর কারাগার হতে নির্মাণাধীন ফ্লাওভার পর্যন্ত সড়কের উপর রাখা নির্মাণ সামগ্রী অন্যত্র অপসারণ করা।

এছাড়া, ব্রাহ্মণবাড়িয়া-সুলতানপুর-কোম্পানীগঞ্জ পর্যন্ত ২৫ কিলোমিটার রাস্তার অবস্থা খুবই খারাপ উল্লেখ করে তা জরুরি ভিত্তিতে মেরামতের জন্য তিনি অনুরোধ জানান।

৩.০ এ প্রসংগে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ সিলেট জোন বলেন, হবিগঞ্জ-শায়েস্তাগঞ্জ-কুলাউড়া সড়কে মাঝে মধ্যে কিছু পটহোলস আছে। এর মেরামত কাজ আগামী সোমবারের মধ্যে সমাপ্ত হবে। এছাড়া, শায়েস্তাগঞ্জ-সিলেট সড়কে ৮২ কিলোমিটার সড়কের কাজ পিএমপি'র আওতায় চলমান রয়েছে। অবশিষ্ট ৯ কিলোমিটার সড়কের মেরামত কাজও আগামী ২/১ দিনের মধ্যে শেষ হবে। চুনারুঘাট সড়কের মেরামত কাজও একইদিনে শেষ হবে। সুলতানপুর-কোম্পানীগঞ্জ সড়কের বিষয়ে তিনি জানান, ইতোমধ্যে ঐ সড়কের সলিং রিপিয়ারিং করার কাজ চলছে এবং এখন পর্যন্ত কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ১২ কিলোমিটার রিপিয়ারিং শেষ করে সড়কের ডাম্পিং স্থানের গর্ত ভরাটের কাজ চলছে। উক্ত সড়কের ৪৩ কিলোমিটারের মধ্যে LOC'র আওতায় ২৫ কিলোমিটার রয়েছে। সাড়ে দশ কিলোমিটার সড়কের কাজ বর্ষার শেষে সম্পন্ন করা হবে।

৪.০ ঢাকা সড়ক সার্কেলের তত্ত্বধায়ক প্রকৌশলী জানান যে, আমিন বাজার ব্রীজ হতে বলিয়ারপুর পর্যন্ত সড়কে কোনো গর্ত নেই। সাভার রেডিও কলোনীর সামনের অংশেও এখন আর কোনো কাঁচা ড্রেন নেই। কাসিমপুর কারাগার হতে নির্মাণাধীন ফ্লাইওভার পর্যন্ত সড়কের নির্মাণ সামগ্রী অন্যত্র সরানোর জন্য ইতোমধ্যে প্রকল্প পরিচালককে অনুরোধ জানানো হয়েছে।

অপর পাতায় দ্রষ্টব্য

৫.০ অতিরিক্ত পুলিশ সুপার বি-বাড়িয়া বলেন, মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে। মহাসড়কের পার্শ্বে /সড়কের উপর কোনো পশুর হাট বসতে দেয়া হবে না। গত ঈদের ন্যায় ঈদ-উল-আযহায়ও সড়কের শৃঙ্খলা বজায় রাখতে সর্বাত্বক সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন। তিনি আরোও বলেন যে, বি-বাড়িয়ার সরাইল ব্রীজের কাজ দ্রুত সমাপ্ত করা প্রয়োজন। শাহবাজপুর বেইলী ব্রীজে আপাতত: কোনো ঝুকিঁ নেই তবে বেইলী ব্রীজের পাতগুলো মাঝে মধ্যে পরিবর্তন করা প্রয়োজন।

৬.০ পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ গাজীপুর বলেন, গাজীপুরের কোনাবাড়ীতে সড়কের উপর রাখা নির্মাণ সামগ্রী সরানো প্রয়োজন। নির্মাণাধীন ভুলতা ফ্লাইওভারের কাজের জন্য সড়ক one way হওয়ায় যানজট হচ্ছে। এ স্থানে যান চলাচল নির্বিঘ্ন করার জন্য কমপক্ষ্যে Two way করা প্রয়োজন। ফ্লাইওভার এর স্থানে সড়কের ডাবল লেন করার বিষয়টি বিবেচনা করার জন্য সংশ্লিষ্টদের তিনি অনুরোধ জানান। তাছাড়া মোগড়া পাড়া ফ্লাইওভারের কাছে বিদ্যমান ফুটওভার ব্রীজ যাতে জনগণ ব্যবহার করে তার জন্য প্রয়োজনীয় ডিভাইডার নির্মাণ এবং মেঘনা ব্রীজের ঢাকা প্রান্তে (বাম পার্শ্বে) সড়কাংশের প্রয়োজনীয় মেরামত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীদের অনুরোধ জানান। তিনি আরোও বলেন, দেশের অন্যান্য সড়ক মহাসড়ক অপেক্ষাকৃত অনেক ভাল। তিনিও গত ঈদ-উল-ফিতরের ন্যায় এবারের ঈদ-উল-আযহায় সর্বাত্মক সহযোগিতার মাধ্যমে জনসাধারণের ঈদ যাত্রা স্বস্তিদায়ক হবে মর্মে সভাকে আশ্বস্ত করেন।

৭.০ প্রকল্প পরিচালক, ভুলতা ফ্লাইওভার নির্মাণ প্রকল্প বলেন, ভুলতা ফ্লাইওভারের উভয় পার্শ্বে আরও একটি লেন করার জায়গা আছে। কোনো সমস্যা হবে না। মোগড়া পাড়ায় ফুটওভার ব্রীজের উভয় পার্শ্বে Fence নির্মাণ করে দিলেই জনগন ফুটওভার ব্রীজ ব্যবহারে বাধ্য হবে।

৮.০ অতিরিক্ত পুলিশ সুপার(হাইওয়ে) নারায়ণগঞ্জ বলেন যে, নারায়ণগঞ্জ সড়ক বিভাগের মদনপুর নতুন রোডে ৯টি পয়েন্টে ডিভাইডার ভেঙ্গে গাড়ি ঘুরানোর ফলে যানজট সৃষ্টি হয়। এ ডিভাইডারগুলো স্থায়ীভাবে দেয়া প্রয়োজন। তিনি মেঘনা টোল প্লাজার পশ্চিম পার্শ্বের সড়কের ভাঙ্গা অংশ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

৯.০ তত্ত্বাবধায়ক প্রকৌশলী সওজ, নারায়ণগঞ্জ সড়ক সার্কেল বলেন, শিমরাইল – চাষাড়া সড়কের সাইনবোর্ড পর্যন্ত সড়কের উভয় পার্শ্বে সেনাবাহিনী কর্তৃক পরিচালিত DND প্রকল্পের ফেজ-২ এর ময়লা ফেলা হচ্ছে, যা ইতোমধ্যে প্রতিরোধ করা হয়েছে। গাড়ি যত্রতত্র ঘুরানো বন্ধ করার জন্য গত বছরও ১৭টি গ্যাপ বন্ধ করা হয়েছে। তদুপরি গভীর রাতে পরিবহন শ্রমিক ও ফুয়েল স্টেশনের মালিকগণ ডিভাইডার ভেঙ্গে/সরিয়ে গাড়ি ঘুরাতে চেষ্টা করে।

অপর পাতায় দ্রষ্টব্য

১০.০ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নরসিংদী বলেন, সড়ক মহাসড়কে যান চলাচল নিরবচ্ছিন্ন রাখার জন্য পূর্বের ন্যায় এবারও প্রস্তুতি গ্রহন করা হয়েছে। ইতোমধ্যে জেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভায় এতদবিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। মাধবদী বাজার এলাকায় কিছুটা যানজট হলেও তা নিরসনের জন্য জেলা পুলিশকে সম্পৃক্ত করা হয়েছে। তাছাড়া, মহাসড়কের কোথাও কোনো অবৈধ পশুর হাট না বসানোর বিষয়ে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

১১.০ ডিআইজি হাইওয়ে পুলিশ জানান যে, নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও মহাসড়কে সিএনজি থ্রি-হুইলার নসিমন, করিমন চলাচল করতে দেখা যায়। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে এগুলোর চলাচল নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। তবে ঢাকা-সলেট মহাসড়কে এগুলোর জন্য একটি ডাম্পিং স্থান প্রয়োজন। হাইওয়ে পুলিশের পক্ষ থেকে ডাম্পিং স্থানের জন্য জমি খোজা হচ্ছে। তিনি বলেন, মহাসড়কের পাশে জায়গা পেলে বিভিন্ন সুযোগ সুবিধাসহ গাড়ী চালকদের জন্য বিশ্রামাগার হাইওয়ে পুলিশের তত্বাবধানেই নির্মাণ করা হবে। তিনি শায়েস্তাগঞ্জ(ভাগিয়াপাড়া)—শেরপুর সড়কে সিএনজি থ্রি-হুইলার চলাচল বন্ধের জন্য বিআরটিসি বাস সার্ভিস চালু করার অনুরোধ জানান।

১২.০ বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির কার্যকরি সভাপতি বলেন, সচিব মহোদয়ের নির্দেশনা প্রতিপালনে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের ১০ চাকার পরিবহনসহ অন্যান্য পরিবহনের ১% ওভারলোড রাখবো না। ফিটনেসবিহীন গাড়ি সড়কে আর চলবে না। মালিক-শ্রমিক সংগঠন ইতোমধ্যে সিদ্ধান্ত নিয়েছে নতুন প্রজ্ঞাপন/আদেশের আলোকে সড়কের শৃঙ্খলা ফিরিয়ে আনতে এবং দুর্ঘটনা প্রতিরোধে সর্বাত্মক সহযোগিতার চেষ্টা করবে। একজন ড্রাইভারও তার উপযুক্ত লাইসেন্স ছাড়া গাড়ি নিয়ে সড়কে উঠবে না। তিনি আসন্ন ঈদ-উল-আযহায় মালিক শ্রমিক সংগঠনের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিত করার প্রতিশ্রুতি দেন।

১৩.০ প্রধান প্রকৌশলী, সওজ বলেন, আজ আসন্ন ঈদ উল আযহা নিয়ে প্রস্তুতি সভা করা হচ্ছে। গত বছরের তুলনায় এ বছর সড়ক মহাসড়কের অবস্থা অনেক ভাল। উপস্থিত পরিবহন মালিক-শ্রমিক নেতৃবৃন্দ যে সব স্থানে সড়কের মেরামতের কথা বলেছেন আগামী ২/১ দিনের মধ্যে ঐ সকল সড়ক মেরামতের জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীদের নির্দেশনা দেয়া হয়েছে। তবে দশ চাকার গাড়িগুলো ওভারলোড এর কারণে বেইলী ব্রীজসহ মহাসড়কের উল্লেখযোগ্য ক্ষতি হয়ে থাকে। ওভারলোড না থাকলে সড়কগুলো টেকসই ও নিরাপদ থাকবে। সওজ অধিদপ্তর সড়কগুলো মেইনটেন্যান্স করে থাকে। সড়কের সাথে সংশ্লিষ্ট অন্যান্যদেরও নিজ নিজ দায়িত্ব ও প্রতিশ্রুতি যথাযথভাবে পালনের অনুরোধ জানান। তাহলেই কাংক্ষিত সফলতা দেখা দিবে। আগামীতে এ ধরণের সভা করার প্রয়োজন হয়তো আর থাকবে না।

অপর পাতায় দ্রষ্টব্য

১৪.০ সভাপতি পরিশেষে সমাপনী বক্তৃতায় বলেন, সড়ক বিষয়ক অভিযোগ আগের চেয়ে অনেকাংশে কমে গেছে। আবহাওয়া অনুকূলে থাকায় বর্তমানে পরিবেশ ভাল আছে। সড়ক সংস্কার/মেরামতের অবশিষ্ট কাজ নির্দেশনা মোতাবেক দ্রুত শেষ হয়ে যাবে। তাই ভবিষ্যতে অভিযোগ আরও কমে যাবে। কেন্দ্রিয় কন্ট্রোল রুম চলমান আছে। নির্দেশনাসমূহ সকলকে মেনে চলতে হবে। সিভিল প্রশাসন, জেলা পুলিশ, হাইওয়ে পুলিশ, পরিবহন মালিক-শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ সকলেই আমাদের স্টেকহোল্ডার। গত ঈদে যেভাবে সহযোগিতা পেয়েছি এবারও সকলের সহযোগিতায় সমন্বিত প্রচেষ্টায় আসন্ন ঈদ-উল-আযহায় ঘরমুখো মানুষের যাত্রা স্বস্তিদায়ক হবে।

১৫.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মহাসড়কের সকল ধরণের মেরামত/সংস্কার কাজ আগামী ২/৩ দিনের মধ্যে সমাপ্ত করতে হবে;	প্রধান প্রকৌশলী, সওজ
২.	মহাসড়কের উপর বা পার্শ্বে অবৈধভাবে পশুরহাট বসানো যাবে না;	সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন /জেলা প্রশাসন/ জেলা পুলিশ/হাইওয়ে পুলিশ
৩.	মোগড়াপাড়া ফ্লাইওভারের কাছে জনসাধারণের এলোপাথারী সড়ক পারাপার বন্ধের জন্য ফুটওভার ব্রীজের উভয়পার্শ্বে বেস্টনী তৈরি করতে হবে;	প্রধান প্রকৌশলী, সওজ
৪	ঢাকা-সিলেট মহাসড়কে অবৈধভাবে চলাচলকারী থ্রি-হুইলার, নসিমন, করিমন বন্ধ ও ডাম্পিং এর জন্য মহাসড়কের পার্শ্বে জায়গা নির্ধারণ করতে হবে;	ডিআইজি,হাইওয়ে পুলিশ এবং সওজ অধিদপ্তর
৫	মদনপুর নতুন রাস্তায় এবং ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়কে বিদ্যমান ডিভাইডার ভেঙ্গে যে সব ফুয়েল স্টেশন বা মিল/ফ্যাক্টরি তাদের যাতায়াতের সুবিধার্থে ঘুরানোর ব্যবস্থা করেছে সে সব এপ্রোচ সড়ক বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তাদের বিরুদ্ধে প্রচলিত আইনে মামলা দায়ের করতে হবে;	প্রধান প্রকৌশলী, সওজ
৬	শায়েস্তাগঞ্জ(ভাটিয়াপাড়া)–শেরপুর সড়কে সিএনজি থ্রি-হুইলার চলাচল বন্ধের নিমিত্ত যাত্রী সাধারণের যাতায়াতের জন্য বিআরটিসি বাস সার্ভিস চালু করার বিষয়টি পরীক্ষা করে দেখবে।	চেয়ারম্যান, বিআরটিসি

১৬.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০২০.১৮(অংশ-১)-৪৬২ তারিখ: ২০-০৮-২০১৮ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
২. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ মতিঝিল, ঢাকা
৫. অতিরিক্ত সচিব (এস্টেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৬. যুগ্মসচিব, নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭. ডিআইজি, হাইওয়ে রেঞ্জ পুলিশ, টেলিকম ভবন, রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা
৮. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা/কুমিল্লা/সিলেট জোন
৯. প্রকল্প পরিচালক, ভূলতা ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, সড়ক ও জনপথ অধিদপ্তর
১০. জেলা প্রশাসক, নরসিংদী / ব্রাহ্মণবাড়িয়া
১১. পুলিশ সুপার, নরসিংদী / ব্রাহ্মণবাড়িয়া
১২. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, গাজীপুর
১৩. পুলিশ সুপার, শিল্পাঞ্চল পুলিশ-৪, নারায়ণগঞ্জ
১৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), ঢাকা/নারায়ণগঞ্জ সড়ক সার্কেল
১৫. সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
১৬. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২১/১ পান্থপথ লিংক রোড, কাওরান বাজার ঢাকা-১২১৫
১৭. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, ২১, রাজউক এভিনিউ মতিঝিল, ঢাকা
১৮. সভাপতি, বাংলাদেশ ট্রাক ও কভার্ডভ্যান মালিক সমিতি, মসজিদ মার্কেট কমপ্লেক্স, ৪র্থ তলা, তেজগাঁও, ট্রাক টার্মিনাল, ঢাকা
১৯ চেয়ারম্যান, বাংলাদেশ বাস-টাক ওনার্স এসোসিয়েশন, ২৫৭/ক, হাজি আহসান উল্লাহ কমপ্লেক্স, বাগবাড়ী, ঢাকা
২০. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডাঃ, ২৮, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২১. নির্বাহী প্রকৌশলী (সওজ), নারায়ণগঞ্জ/ গাজীপুর/ নরসিংদী
২২. উপজেলা নির্বাহী অফিসার, রুপগঞ্জ,নারায়নগঞ্জ/ নরসিংদী সদর
২৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রুপগঞ্জ, নারায়নগঞ্জ/ নরসিংদী সদর
২৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, হাইওয়ে পুলিশ, কাঁচপুর/ নরসিংদী/ ইটাখোলা হাইওয়ে থানা
২৫. সমন্বয়ক, বাংলাদেশ ট্রাক, কভার্ডভ্যান ট্যাংক-লরী মালিক শ্রমিক ঐক্য পরিষদ, ২৩৫ মসজিদ মার্কেট কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা
২৬. সভাপতি, বাংলাদেশ আন্তঃ জিলা ট্রাক চালক ইউনিয়ন, ৪৯./৪, কোর্টবাড়ী, গাবতলী, ঢাকা।

২০/০৮/২০১৮
(ড. মোঃ কামরুল আহসান)
যুগ্মসচিব
ফোন ঃ ৯৫৬১২২৫

নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০২০.১৮(অংশ-১)-৪৬২/১(৮) তারিখ: ২০-০৮-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম
৫. ডিআইজি রেঞ্জ, ঢাকা/চট্টগ্রাম
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

২০/০৮/২০১৮
(ড. মোঃ কামরুল আহসান)
যুগ্মসচিব